রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৬১-আইন/২০২০।**—বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর ধারা ৪৭, ধারা ১৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগ) বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন);

(খ) "আধা-দক্ষ কর্মী" অর্থ যিনি কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করিয়া অপরের নির্দেশনায় বা ক্ষেত্রমত, নির্দেশনা ব্যতীত যৌথভাবে কার্যসম্পাদনে সক্ষম;

(গ) "কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগ মূল্যায়ন কমিটি;

(ঘ) "গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ" অর্থ বিধি ৫ এ উল্লিখিত রিক্রুটিং এজেন্টের গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ;

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(চ) "দক্ষ কর্মী" অর্থ এইরূপ কোনো কর্মী যিনি কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করিয়া অন্য কোনো ব্যক্তির নির্দেশনা ব্যতীত এককভাবে কার্যসম্পাদনে সক্ষম;

(ছ) "ব্যুরো" অর্থ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো;

(জ) "মন্ত্রণালয়" অর্থ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন বা তদধীন প্রণীত কোনো বিধিমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **কমিটি গঠন, ইত্যাদি।**—(১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগ মূল্যায়ন কমিটি গঠিত হইবে, যথা :—

(ক) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মচারী, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(গ) পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক মনোনীত উহার উপসচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(ঙ) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(চ) ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ছ) মহাব্যবস্থাপক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড;

(জ) বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্ট্যারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঝ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার একজন কর্মচারী, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিটি, উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত, প্রয়োজনে, বিষয় সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে বা কোনো সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(৩) কমিটি স্বয়ং উহার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

৪। **কমিটির দায়িত্ব ও কার্যাবলি**।—কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ :—

(ক) ব্যুরোর নিকট হইতে প্রাপ্ত তথ্য ও উপাত্তের ভিত্তিতে, রিক্রুটিং এজেন্টের আচরণ ও কার্যক্রম যথাযথভাবে মূল্যায়নপূর্বক, রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগকরণে, সরকারের নিকট সুপারিশ প্রদান;

(খ) শ্রেণিবিভাগ কার্যক্রম হালনাগাদকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য, ৬ (ছয়) মাস অন্তর অন্তর, সরকারের নিকট সুপারিশ প্রদান; এবং

(গ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৫। **রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগকরণের মানদণ্ড**।—(১) তফসিল-১ এ উল্লিখিত মানদণ্ডের ভিত্তিতে আচরণ ও কার্যক্রম মূল্যায়নপূর্বক রিক্রুটিং এজেন্টগণকে উপ-বিধি (৩) এ বর্ণিত স্কোর বা সংখ্যামান অনুযায়ী উক্ত উপ-বিধিতে উল্লিখিত গ্রেডে শ্রেণিবিভাগ করিতে হইবে।

(২) মোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রাপ্ত মান অনুযায়ী রিক্রুটিং এজেন্টের গ্রেড নিরূপিত হইবে।

(৩) রিক্রুটিং এজেন্টের গ্রেড নিম্নরূপ প্রাপ্ত স্কোর বা সংখ্যামান এবং নির্দেশক প্রকাশ করিবে, যথা :—

| রিক্রুটিং এজেন্টের গ্রেড | প্রাপ্ত স্কোর বা সংখ্যামান | নির্দেশক |
|---|---|---|
| A | ৮৫ বা তদূর্ধ্ব | উত্তম |
| B | ৭০—৮৪ | সন্তোষজনক |
| C | ৬০—৬৯ | চলতিমান |
| D | ৫৯ বা তদনিম্ন | চলতি মানের নিম্নে |

।

৬। **শ্রেণিবিভাগ, মূল্যায়ন, ইত্যাদি**।—(১) ব্যুরো, রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগকরণে সরকারের নিকট সুপারিশ প্রদানের জন্য, তফসিল-১ অনুসরণপূর্বক, প্রয়োজনীয় তথ্য ও উপাত্তসহ তফসিল-২ এ উল্লিখিত ফরম পূরণ করিয়া কমিটির নিকট প্রেরণ করিবে।

(২) কমিটি, উপ-বিধি-(১) এর অধীন প্রাপ্ত তথ্য ও উপাত্ত মূল্যায়নপূর্বক, রিক্রুটিং এজেন্টের গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ সম্পর্কে সরকারের নিকট উহার সুপারিশ প্রদান করিবে।

(৩) উপ-বিধি-(২) এর অধীন সুপারিশ প্রাপ্তির পর সরকার, এই বিধিমালার বিধানাবলি সাপেক্ষে, রিক্রুটিং এজেন্টের গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ চূড়ান্ত করতঃ প্রজ্ঞাপন দ্বারা উক্ত তালিকা প্রকাশ করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রকাশিত তালিকা মন্ত্রণালয় এবং ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

(৫) রিক্রুটিং এজেন্টগণের শ্রেণিবিভাগের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর :

তবে শর্ত থাকে যে, কোনো রিক্রুটিং এজেন্ট আইনের অধীন দণ্ডপ্রাপ্ত হইলে সরকার সংশ্লিষ্ট অভিযোগ মূল্যায়ন করিয়া উক্ত এজেন্টের শ্রেণিবিভাগের গ্রেড বাতিল, স্থগিত বা অবনমন করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, কোনো রিক্রুটিং এজেন্টের লাইসেন্স বাতিল বা স্থগিত করা হইলে উক্ত এজেন্টের নাম স্বয়ংক্রিয়ভাবে গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ তালিকা হইতে বাদ যাইবে এবং সরকার তদনুযায়ী সংশ্লিষ্ট তালিকা সংশোধন করিবে।

(৬) কোনো অভিযোগের ভিত্তিতে কোনো রিক্রুটিং এজেন্টের প্রাপ্ত নম্বর কাটা হইলে সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তির আদেশ জারির সঙ্গে সঙ্গে উহা উক্ত রিক্রুটিং এজেন্টের মূল্যায়নে প্রতিফলিত করিয়া শ্রেণিবিভাগ পরিবর্তন করিতে হইবে।

৭। **তথ্য প্রদানের বাধ্যবাধকতা, ইত্যাদি।**—(১) রিক্রুটিং এজেন্ট, শ্রেণিবিভাগের জন্য, মন্ত্রণালয় এবং ব্যুরো কর্তৃক যাচিত যে কোনো তথ্য-উপাত্ত, প্রমাণকসহ, প্রদান করিতে বাধ্য থাকিবে।

(২) শ্রেণিবিভাগের জন্য রিক্রুটিং এজেন্টকে উহার ব্যাংক হিসাব, ব্যাংকে অর্থ জমাদানের রশিদসহ এতদ্‌সংক্রান্ত প্রমাণাদি এবং কমিটির চাহিদামত অন্যান্য তথ্য কমিটি কর্তৃক নির্ধারিত ছকে কমিটির নিকট সরবরাহ এবং, ক্ষেত্রমত, নিজস্ব ওয়েবসাইটে আপলোড করিতে হইবে।

(৩) কোনো রিক্রুটিং এজেন্ট ভুল বা অসত্য তথ্য প্রদান করিলে উক্ত এজেন্টের বিরুদ্ধে আইনের অধীন প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৮। **শ্রেণিবিভাগ সম্পর্কিত প্রচার ও প্রণোদনা।**—(১) মন্ত্রণালয় এবং ব্যুরো নিয়মিতভাবে রিক্রুটিং এজেন্টর গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ ও প্রতিটি শ্রেণির বিপরীতে উহার নির্দেশক সম্পর্কে জনসাধারণ, রিক্রুটিং এজেন্ট এবং বৈদেশিক কর্মসংস্থানে আগ্রহী ব্যক্তিদের নিকট প্রচার করিবে।

(২) রিক্রুটিং এজেন্টগণের নিরাপদ, নিয়মিত, মানসম্পন্ন ও দায়িত্বশীল অভিবাসন কার্যক্রমের জন্য মন্ত্রণালয়, সময় সময়, সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টকে স্বীকৃতি ও প্রণোদনা প্রদান করিতে পারিবে।

৯। **পুনর্বিবেচনা।**—(১) এই বিধির অধীন সরকারের কোনো সিদ্ধান্ত দ্বারা কোনো রিক্রুটিং এজেন্ট সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত সম্পর্কে জ্ঞাত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য, সরকারের নিকট আবেদন জানাইতে পারিবে।

(২) সরকার উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর ৬০ (ষাট) দিনের মধ্যে, আবেদন নিষ্পত্তি করিবে এবং এইক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১০। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রণীত হইবার পর সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

[বিধি ৫(১) এবং ৬(১) দ্রষ্টব্য]

**রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগকরণের জন্য ১০০ (একশত) নম্বরের মূল্যায়ন পদ্ধতি ও মানদণ্ড**

নিম্নরূপ নম্বর বন্টনের ভিত্তিতে রিক্রুটিং এজেন্টের গ্রেডভিত্তিক শ্রেণিবিভাগ নির্ধারিত হইবে, যথা :—

| ক্রমিক নং | মূল্যায়নের ভিত্তি | মূল্যায়ন পদ্ধতি ও মাপকাঠি | তথ্যের উৎস | নম্বর বন্টন |
|---|---|---|---|---|
| ১। | বিদেশে প্রেরিত মোট কর্মীর সংখ্যা | সর্বশেষ ৩ বৎসর বিদেশে প্রেরিত মোট কর্মীর সংখ্যার ভিত্তিতে মূল্যায়ন | বিএমইটি ডাটা বেইজ | ২০ |
| | | ৩০০০ জন বা তদূর্ধ্ব | | ২০ |
| | | ২০০০—২৯৯৯ জন কর্মী | | ১৮ |
| | | ১৫০০—১৯৯৯ জন কর্মী | | ১৬ |
| | | ১০০০—১৪৯৯ জন কর্মী | | ১৪ |
| | | ৫০০—৯৯৯ জন কর্মী | | ১২ |
| | | ১—৪৯৯ জন কর্মী | | ১০ |
| | | ০ কর্মী | | ০ |
| ২। | বিদেশে প্রেরিত দক্ষ ও আধা-দক্ষ কর্মীর সংখ্যা | সর্বশেষ ৩ বৎসরে প্রেরিত দক্ষ ও আধা-দক্ষ কর্মীর শতকরা হারের ভিত্তিতে মূল্যায়ন | বিএমইটি ডাটা বেইজ | ৫ |
| | | মোট প্রেরিত কর্মীর ৩০% বা তদূর্ধ্ব | | ৫ |
| | | মোট প্রেরিত কর্মীর ২০%—২৯% | | ৪ |
| | | মোট প্রেরিত কর্মীর ১০%—১৯% | | ৩ |
| | | মোট প্রেরিত কর্মীর ৬%—৯% | | ২ |
| | | মোট প্রেরিত কর্মীর ১%—৫% | | ১ |
| | | ০ কর্মী | | ০ |
| ৩। | ডিমান্ড লেটারের মাধ্যমে প্রেরিত কর্মীর সংখ্যা | সর্বশেষ ৩ বৎসরে রিক্রুটিং এজেন্টের স্বীয় নামে প্রকিউরমেন্টকৃত ডিমান্ড লেটারে প্রেরিত কর্মীর সংখ্যার ভিত্তিতে মূল্যায়ন | বিএমইটি ডাটা বেইজ | ৫ |
| | | ৩০০ জন বা তদূর্ধ্ব | | ৫ |
| | | ২০০—২৯৯ জন | | ৪ |
| | | ১০০—১৯৯ জন | | ৩ |
| | | ৫০—৯৯ জন | | ২ |
| | | ১—৪৯ জন | | ১ |
| | | ০ জন | | ০ |
| ৪। | সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়ে প্রেরিত কর্মীর সংখ্যা | সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়ে প্রেরিত সর্বশেষ ৩ বৎসরে কর্মীর সংখ্যার শতকরা হারের ভিত্তিতে মূল্যায়ন | বিএমইটি ডাটা বেইজ | ৫ |
| | | ১০০% | | ৫ |
| | | ৯৫—৯৯% | | ৪ |
| | | ৯০—৯৪% | | ৩ |
| | | ০ জন | | ০ |

| ক্রমিক নং | মূল্যায়নের ভিত্তি | মূল্যায়ন পদ্ধতি ও মাপকাঠি | তথ্যের উৎস | নম্বর বন্টন |
|---|---|---|---|---|
| ৫। | বিদেশগামী কর্মীর সহিত ব্যাংকের মাধ্যমে লেনদেন | বিদেশগামী কর্মীর সহিত সর্বশেষ ৩ বৎসরে ব্যাংকের মাধ্যমে বৈদেশিক নিয়োগ সংক্রান্ত লেনদেনের ভিত্তিতে মূল্যায়ন | ব্যাংক হিসাব ও অর্থের রশিদ | ৫ |
| | | ১০০% | | ৫ |
| | | ৮০—৯৯% | | ৩ |
| | | ১—৭৯% | | ১ |
| | | ০% | | ০ |
| ৬। | প্রশিক্ষণ কেন্দ্র ও প্রশিক্ষণ কার্যক্রম | প্রশিক্ষণ কেন্দ্র ও প্রশিক্ষণ কার্যক্রমের ভিত্তিতে মূল্যায়ন | বিএমইটি প্রতিবেদন | ৫ |
| | | নিজস্ব অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র রহিয়াছে ও প্রশিক্ষণ চলমান | | ৫ |
| ৭। | ওয়েবসাইটের মাধ্যমে প্রদত্ত সেবা এবং ডিজিটালাইজ অফিস ব্যবস্থাপনা | ওয়েবসাইটে উল্লিখিত সেবা বিদ্যমান থাকিলে উহার বিপরীতে প্রদত্ত নম্বর যোগ করিয়া মূল্যায়ন | ওয়েব সাইট | ৫ |
| | | নিজস্ব ওয়েবসাইট | | ২ |
| | | ওয়েবসাইটের মাধ্যমে সেবা প্রদান, প্রেরিত কর্মীদের তালিকা ও নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ এবং অনলাইনে তথ্য প্রদানের সুবিধা | | ৩ |
| ৮। | লাইসেন্সধারীর শিক্ষাগত যোগ্যতা | রিক্রুটিং এজেন্টের শিক্ষাগত যোগ্যতার উপর ভিত্তি করিয়া মূল্যায়ন | শিক্ষা সনদ | ৫ |
| | | মাস্টার্স ডিগ্রি বা সমমান বা তদূর্ধ্ব | | ৫ |
| | | স্নাতক ডিগ্রি বা সমমান | | ৪ |
| | | এইচএসসি বা সমমান | | ৩ |
| | | এসএসসি বা সমমান | | ২ |
| | | এসএসসি'র নিম্নে | | ১ |
| ৯। | ব্যবসায়ের অভিজ্ঞতা | লাইসেন্সের মেয়াদের উপর ভিত্তি করিয়া রিক্রুটিং এজেন্ট হিসাবে অভিজ্ঞতা নির্ধারণ | লাইসেন্স | ৫ |
| | | ২০ বৎসর বা তদূর্ধ্ব | | ৫ |
| | | ১০-১৯ বৎসর | | ৪ |
| | | ৫-৯ বৎসর | | ২ |
| | | লাইসেন্সধারী | | ১ |

| ক্রমিক নং | মূল্যায়নের ভিত্তি | মূল্যায়ন পদ্ধতি ও মাপকাঠি | তথ্যের উৎস | নম্বর বন্টন |
|---|---|---|---|---|
| ১০। | নিয়োগকারি কর্তৃক অভিবাসন ব্যয়বহন | নিয়োগকারি কর্তৃক অভিবাসন ব্যয়বহনকৃত কর্মীর সংখ্যার ভিত্তিতে মূল্যায়ন | রিক্রুটিংএজেন্ট প্রদত্ত প্রমাণাদি | ৫ |
| | | ২০০ বা তদূর্ধ্ব | | ৫ |
| | | ১৫০—১৯৯ কর্মী | | ৪ |
| | | ৫০—১৪৯ কর্মী | | ৩ |
| | | ২৫—৪৯ কর্মী | | ২ |
| | | ১—২৪ কর্মী | | ১ |
| ১১। | অফিসের অবস্থান/ আধুনিক সরঞ্জামাদিসহ অফিসব্যবস্থাপনা/ নিরাপত্তা ব্যবস্থাপনা | রিক্রুটিং এজেন্টের অফিসের অবস্থান ও ব্যবস্থাপনার উপর ভিত্তি করিয়া মূল্যায়ন | ওয়েবসাইটে প্রদত্ত ও নবায়নের সময় প্রাপ্ত তথ্যাদি | ১০ |
| | | অনুমোদিত ঠিকানায় আইটি সুবিধা ও দক্ষ জনবলসহ অফিসের অবস্থান | | ১০ |
| ১২। | বিভাগীয় বা জেলা শহরে শাখা অফিসের অবস্থান | বিএমইটি ও নিকটস্থ ডিইএমও অফিসকে অবহিত করিয়া ঢাকা ব্যতীত অন্য বিভাগ বা জেলা পর্যায়ে রিক্রুটিং এজেন্টের শাখা অফিস থাকিলে উহা মূল্যায়ন | বিএমইটি প্রতিবেদন | ৫ |
| | | ঢাকা ব্যতীত অন্য বিভাগ বা জেলা পর্যায়ে শাখা অফিসের অবস্থান | | ৫ |
| ১৩। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | অভিযোগের ভিত্তিতে গৃহীত ব্যবস্থার আলোকে মূল্যায়ন করিতে হইবে এবং কোনো প্রকার শাস্তিপ্রাপ্ত হইলে শাস্তির মাত্র অনুসারে গ্রেড পরিবর্তন বা লাইসেন্স বাতিল | মন্ত্রণালয় ও বিএমইটি | ১০ |
| | | অভিযোগ নাই | | ১০ |
| | | অভিযোগ হইয়াছে কিন্তু প্রমাণিত হয় নাই | | ৯ |
| | | অভিযোগ আপোষমূলে নিষ্পত্তিকৃত | | ৫ |
| | | অভিযোগ আপোষমূলে ক্ষতিপূরণসহ নিষ্পত্তিকৃত | | ৪ |
| | | অভিযোগ প্রমাণিত | | ০ |
| ১৪। | রিক্রুটিং এজেন্টের সততা, সুনাম এবং আইন ও বিধি-বিধান প্রতিপালন | রিক্রুটিং এজেন্টের সততা, সুনাম এবং প্রচলিত আইন ও বিধি-বিধান প্রতিপালন | মন্ত্রণালয় | ১০ |
| | | সততা, সুনাম এবং প্রচলিত আইন ও বিধি-বিধানের যথাযথ প্রতিপালন | | |

**তফসিল-২**

[ বিধি ৬ (১) দ্রষ্টব্য]

**ফরম**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

**রিক্রুটিং এজেন্ট সংক্রান্ত তথ্য ও প্রাথমিক মূল্যায়ন**

মূল্যায়নকাল :
রিক্রুটিং এজেন্টের নাম :
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম :
লাইসেন্স নম্বর :
দাপ্তরিক ঠিকানা :
মূল্যায়নের তারিখ :

| ক্রমিক নং | মূল্যায়নের ভিত্তি | সংখ্যা/ মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|
| ১। | বিদেশে প্রেরিত মোট কর্মীর সংখ্য | | ২০ | |
| ২। | বিদেশে প্রেরিত দক্ষ ও আধা-দক্ষ কর্মীর সংখ্যা | | ৫ | |
| ৩। | ডিমান্ড লেটারের মাধ্যমে প্রেরিত কর্মীর সংখ্য | | ৫ | |
| ৪। | ডাটাবেইজ হইতে প্রেরিত কর্মীর সংখ্য | | ৫ | |
| ৫। | বিদেশগামী কর্মীর সহিত ব্যাংকের মাধ্যমে লেনদেন | | ৫ | |
| ৬। | প্রশিক্ষণ কেন্দ্র ও প্রশিক্ষণ কার্যক্রম | | ৫ | |
| ৭। | ওয়েবসাইটের মাধ্যমে প্রদত্ত সেবা এবং ডিজিটালাইজ্ড অফিস ব্যবস্থাপনা | | ৫ | |
| ৮। | রিক্রুটিং এজেন্টের শিক্ষাগত যোগ্যতা | | ৫ | |
| ৯। | রিক্রুটিং এজেন্ট হিসাবে ব্যবসায়ের অভিজ্ঞতা | | ৫ | |
| ১০। | অভিবাসন ব্যয় মূল্যায়ন | | ৫ | |
| ১১। | আধুনিক সুবিধাসহ অনুমোদিত স্থানে অফিস এবং নিরাপত্তা ব্যবস্থাপনা | | ১০ | |
| ১২। | জেলা ও বিভাগীয় শহরে শাখা অফিসের অবস্থান | | ৫ | |
| ১৩। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | | ১০ | |
| ১৪। | রিক্রুটিং এজেন্টের সততা, সুনাম এবং আইন ও বিধি-বিধান প্রতিপালন | | ১০ | |
| | মোট প্রাপ্ত নম্বর | | ১০০ | |

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সেলিম রেজা**
সচিব

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd